WIC 3820 14th Avenue• Brooklyn, NY 11218 • 718.686.3799 • FAX 718.871.773

প্রত্যয়নের স্মরণতালিকা

আপনার আসন্ন প্রত্যয়নের সাক্ষাৎকারের সময় যাতে কাজকর্ম দ্রুত সম্পন্ন হতে পারে তা নিশ্চিত করার জন্য আমরা বিভিন্ন প্রয়োজনীয় নথিপত্রের একটি রূপরেখা দিয়েছি।

****প্রত্যয়ন করেছেন এমন প্রত্যেক ব্যক্তিকে সাক্ষাৎকারের সময় উপস্থিত থাকতে হবে****

পরিচয়ের প্রমাণ ঃ

প্রত্যেক অংশগ্রহণকারীর জন্য নিচের যে কোনো একটি **প্রত্যয়নের জন্য** প্রয়োজন ঃ

- সম্পূর্ণ পূরণ করা চিকিৎসা সংক্রান্ত সুপারিশ ফর্ম (যাতে অংশগ্রহণকারীর নাম এবং ডাক্তারের স্বাক্ষর থাকতে হবে)
- অংশগ্রহণকারীর নাম সংবলিত মেডিকেইড/বেনিফিট কার্ড
- বর্তমানে চালু আছে এমন উইক্ [WIC] পরিচয় কার্ড
- জন্মের সার্টিফিকেট
- সোশাল সিকিউরিটি কার্ড
- টিকাকরণ রেকর্ড (যাতে অংশগ্রহণকারীর নাম এবং ডাক্তারের স্বাক্ষর থাকতে হবে)

বসবাসের প্রমাণ ঃ

সমগ্র পরিবারের জন্য নিচের যে কোনো একটি প্রয়োজন ঃ

- মেডিকেইড/বেনিফিট কার্ড
- ফুড স্ট্যাম্প কার্ড
- বিল
- ঠিকানাসহ পরিচয়পত্র
- ডাকঘরের সিল সহ খাম, পত্রিকার লেবেল

আয়ের প্রমাণ ঃ

**** এন.ওয়াই.এস উইক্ এর বিধি অনুসারে প্রতিটি প্রত্যয়নের সাক্ষাৎকারে আয়ের প্রমাণ দাখিল করা জরুরি। ইয়েলেদ ভি'ইয়ালদা উইক্ [Yeled V'Yalda WIC] অনুরোধ করছে যাতে প্রতিটি সাক্ষাৎকারে আয়ের প্রমাণ নিয়ে আসা হয় -- প্রত্যয়নের সময় এবং চেক্ নেওয়ার সাক্ষাৎকারের সময়।**

- ফুড স্ট্যাম্প কার্ড
- প্রত্যেক অংশগ্রহণকারীকে প্রত্যয়ন করে মেডিকেইড/**বেনিফিট** কার্ড
- পরিবারের যে সব সদস্যের রোজগার আছে তাঁদের প্রত্যেকের চেকের কাউন্টারফয়েল।
    - চেকের কাউন্টারফয়েলে সম্পূর্ণ মাসের আয় দেখানো থাকবে
        - 4টি সাপ্তাহিক চেক, 2টি দ্বিসাপ্তাহিক চেক, 1টি মাসিক চেক্ ইত্যাদি।
    - চেকের কাউন্টারফয়েলগুলি বিগত তিরিশ দিনের হতে হবে

YELED V'YALDA

WIC 3820 14th Avenue• Brooklyn, NY 11218 • 718.686.3799 • FAX 718.871.7736

আয়ের প্রমাণ ঃ

(চলছে)

- সর্বসমেত মোট আয়ের উল্লেখসহ নিয়োগকর্তার বিবৃতি
  - ওই বিবৃতির তারিখ বিগত ত্রিশ দিনের হতে হবে
- আয়করের রেকর্ড

চিকিৎসার সুপারিশ ফর্ম ঃ

প্রত্যেক প্রত্যয়িত অংশগ্রহণকারীর জন্য চিকিৎসার সুপারিশ ফর্মের প্রয়োজন হবে। চিকিৎসার সুপারিশ ফর্মের একদম উপরে যে তথ্য দেওয়া প্রয়োজন তা অনুগ্রহ করে আপনার স্বাস্থ্যসেবাদানকারীকে দিয়ে পূরণ করাবেন।

ছোট শিশু ঃ	জন্মের ইতিহাস এবং বর্তমান উচ্চতা ও ওজন
বালক-বালিকা ঃ	বর্তমান উচ্চতা ও ওজন
	টিকাকরণের রেকর্ড
	রক্তপরীক্ষার ফলাফল
গর্ভবতী মহিলা ঃ	প্রসবের আনুমানিক তারিখ
	বর্তমান উচ্চতা ও ওজন
	রক্তপরীক্ষার ফলাফল
প্রসব পরবর্তী সময়ে মহিলাগণ ঃ	বর্তমান উচ্চতা ও ওজন
	প্রসব/গর্ভপাতের পরে রক্তপরীক্ষার ফলাফল
শিশুকে স্তন্যপান করাচ্ছেন এমন মহিলাগণ ঃ	বর্তমান উচ্চতা ও ওজন
	প্রসবের পরে রক্তপরীক্ষার ফলাফল

****রক্তপরীক্ষার প্রয়োজন কিনা সে সম্পর্কে সন্দেহ আছে? একজন উইক্ পুষ্টিবিদের কাছ থেকে জেনে নেওয়ার জন্য আমাদের অফিসে ফোন করুন****

রক্তপরীক্ষা ঃ

- আপনার স্বাস্থ্যসেবাপ্রদানকারী রক্তপরীক্ষার ফলাফল রেকর্ড করবেন এবং পরীক্ষার **তারিখ**টি উল্লেখ করবেন।
- সাক্ষাৎকারের দিনে রক্তপরীক্ষার ফলাফলগুলি 90 দিনের বেশি পুরানো যেন না হয়।

আপনার সাক্ষাৎকার চলাকালীন রক্তপরীক্ষার ফলাফলের জন্য উইক্ অফিসে আসা এবং আপনার ডাক্তারকে টেলিফোন করা থেকে বিরত থাকুন। এটা করলে শুধুমাত্র আপনার সাক্ষাৎকারটি দীর্ঘায়িত হবে।

উচ্চতা এবং ওজন ঃ

- তারিখ সহ উচ্চতা এবং ওজনের সঠিক রেকর্ড রাখতে হবে।
- সাক্ষাৎকারের দিনে এই পরিমাপগুলি যেন 60 দিনের বেশি পুরানো না হয়।

উচ্চতা এবং ওজন ঃ

(চলছে)

❖ আপনার সুবিধার জন্য আমাদের অফিসে শিশু এবং প্রাপ্তবয়স্কদের উপযোগী পরিমাপের স্কেল আছে এবং আমরা আপনার উচ্চতার পরিমাপ এবং ওজন নিতে পারি।

- অ্যালার্জি অথবা ডায়াবেটিসের মত চিকিৎসার প্রয়োজন এমন পরিস্থিতিতে চিকিৎসা সংক্রান্ত তথ্যগুলি আপনার স্বাস্থ্যসেবাদানকারী চিকিৎসা সুপারিশ ফর্মে নথিভুক্ত করবেন।
- চিকিৎসা সংক্রান্ত ফর্মে তথ্যগত কোনো পরিবর্তন হলে যদি কেটে দেওয়ার অথবা মুছে ফেলার প্রয়োজন হয়, তাহলে আপনার স্বাস্থ্যসেবাদানকারীই প্রক্রিয়াটির সূচনা করবেন।

পুষ্টি ফর্ম ঃ

প্রত্যেক প্রত্যয়িত অংশগ্রহণকারীর জন্য সম্পূর্ণ পূরণ করা পুষ্টি ফর্মের প্রয়োজন হবে। আমাদের অফিসে সাক্ষাৎকারের জন্য আসার আগে অনুগ্রহ করে সম্পূর্ণ ফর্মটি পূরণ করুন। এটা করতে না পারলে আপনাকে আমাদের অফিসে আরও বেশি সময় অপেক্ষা করতে হবে।

ফর্মুলা সম্পর্কিত নোট (প্রয়োজন হলে) ঃ

এক বছরের বেশি বয়সী শিশুকে ফর্মুলা দেওয়া হয় যদি প্রত্যেকটি প্রত্যয়নের সময় স্বাস্থ্যসেবাদানকারীর নোট পেশ করা হয়। নোটে নিম্নলিখিত তথ্যগুলি থাকতে হবে ঃ

1. রোগনির্ণয়
2. রোগলক্ষণগুলি
3. ফর্মুলার প্রয়োজন আছে
4. স্থায়িত্ব (ছয় মাস পর্যন্ত)

ফর্মুলা প্রেসক্রিপশনের জন্য ইয়েলেদ ভি'ইয়ালদা উইক্ এর একটি অভ্যন্তরীণ ফর্ম আছে যাতে সব প্রয়োজনীয় বিষয়গুলি অন্তর্ভুক্ত আছে। যদি ফর্মুলা নোট প্রয়োজন হবে বলে আপনার জানা থাকে, তাহলে অনুগ্রহ করে শিশু চিকিৎসককে দেওয়ার জন্য অফিস থেকে একটি কপি চেয়ে নিন।

আপনার/আপনাদের যদি কোনও প্রশ্ন থাকে তাহলে অনুগ্রহ করে আমাদের সঙ্গে (718) 686-3799 নম্বরে যোগাযোগ করতে দ্বিধা করবেন না। আমরা আপনাকে পরিষেবা দেওয়ার জন্য উন্মুখ।

ইয়েলেদ ভি'ইয়ালদা উইক্ এর কাজের সময়

সোমবার ঃ	সকাল 11:00টা – সন্ধ্যা 7:00টা	বৃহস্পতিবার ঃ	সকাল 7:00টা – বেলা 3:00টা
মঙ্গলবার ঃ	সকাল 8:30টা – বিকেল 4:30টা	শুক্রবার ঃ	সকাল 8:30টা - দুপুর 12:30টা
বুধবার ঃ	সকাল 8:30টা – বিকেল 4:30টা		

প্রত্যেক মাসের শেষ রবিবার সকাল 9:00টা – দুপুর 12:00টা

উইক্ [WIC] একটি সমান সুযোগের কর্মসূচি। যদি কোনো ব্যক্তি মনে করেন যে জাতি, বর্ণ, জাতিগত উৎপত্তি, লিঙ্গ, বয়স অথবা প্রতিবন্ধকতার কারণে তিনি বৈষম্যের শিকার হচ্ছেন, তাহলে তিনি অবশ্যই ইউ.এস.ডি.এ'র সেক্রেটারি অব এগ্রিকালচারকে লিখিতভাবে জানাবেন। নিউ ইয়র্ক স্টেট ধর্মবিশ্বাস, বিবাহ সংক্রান্ত অবস্থান এবং যৌন অভিমুখীনতার কারণে বৈষম্যের বিরুদ্ধে নিষেধাজ্ঞা জারি করেছে। নিউ ইয়র্ক স্টেট এর মানবাধিকার সংক্রান্ত আইন অনুসারে যদি কোনো ব্যক্তি মনে করেন যে তিনি বৈষম্যের শিকার হয়েছেন, তাহলে তিনি Growing Up Healthy Hotline কে 1-800-522-5006 নম্বরে টেলিফোন করবেন অথবা এই ঠিকানায় চিঠি লিখবেন ঃ WIC Program Director, Riverview Center, FL6W, 150 Broadway, Albany, NY 12204।